# পরিবারদের জন্য পরিবহন বিষয়ক গাইড

শিক্ষার্থীদের জন্য যেসব পরিবহন পরিষেবা আছে সেগুলো প্রতিটি শিক্ষার্থীর যোগ্যতা এবং সেই পরিষেবাগুলোর প্রয়োজনীয়তা অনুযায়ী ভিন্ন হয়। যে অপশনগুলো আছে সেগুলো সম্পর্কে প্রশ্ন থাকলে আপনার স্কুলের সাথে কথা বলুন।

## পরিবহনের বিভিন্ন পন্থা

- **OMNY কার্ড** MTA সাবওয়ে ও নন-এক্সপ্রেস বাসগুলোতে ব্যবহারের জন্য আপনার স্কুল কর্তৃক বিতরণ করা হয়।
- **স্টপ-টু-স্কুল বাস** নির্ধারিত বাস স্টপ থেকে পরিষেবায় যোগ্য শিক্ষার্থীদের নিয়ে যায় (পিক আপ) এবং দিয়ে যায় (ড্রপ অফ)।
- **কার্ব-টু-স্কুল বাস** শিক্ষার্থীদেরকে তাদের বাড়ির সবচেয়ে কাছের, সবচেয়ে নিরাপদ কার্ব থেকে পিক আপ করে।

## যোগ্যতা

- **স্টুডেন্ট OMNY কার্ড এবং স্টপ-টু-স্কুল বাস পরিষেবা:** গ্রেড এবং দূরত্বের শর্তাবলীর উপর ভিত্তি করে; বাস পরিষেবার লভ্যতা নির্ভর করে বাড়তি মাপকাঠির উপর, এতে অন্তর্ভুক্ত বাস রুটের দূরত্ব এবং ডিস্ট্রিক্ট লাইনসমূহ। অতিরিক্তভাবে, এটি সেসব শিক্ষার্থীদের প্রদান করা হয় যাদের 504 প্ল্যানে স্টপ-টু-স্কুল বাস সুপারিশ করা হয়েছে।
- **কার্ব-টু-স্কুল বাস পরিষেবা:** এছাড়া, এটি সেসব শিক্ষার্থীদের প্রদান করা হয় যাদের IEP অথবা 504 প্ল্যানে কার্ব-টু-স্কুল বাস সুপারিশ করা হয়েছে।
- **স্কুল থেকে 0.5 মাইল অথবা এরচেয়ে দূরে বসবাসকারী সাময়িক আবাসন (টেম্পোরারি হাউজিংয়) ও ফস্টার কেয়ার-এর শিক্ষার্থীবৃন্দ, যারা K-6 গ্রেডে পড়ছে এবং IEP-যুক্ত 7 বা 8 গ্রেডে পড়ছে, তারা:** বাস পরিবহনের অনুরোধ জানানোর যোগ্য এবং তাদেরকে হয় স্টপ-টু-স্কুল নাহয় কার্ব-টু-স্কুল রুটে দেয়া হবে। আরও তথ্য নিচে দেয়া আছে।

## যোগ্যতায় ব্যতিক্রমসমূহ

- ব্যতিক্রমসমূহের ধরন: সাময়িক স্বাস্থ্যজনিত, অস্থায়ী আবাসন (টেম্পোরারি হাউজিং), ফস্টার কেয়ার, যুগ্ম বা জয়েন্ট কাস্টোডি, কোনও অপরাধের ভুক্তভোগী, আদালত কর্তৃক সুরক্ষার আদেশ (অর্ডার অভ প্রটেকশন), এবং বিপদ।
- শিক্ষার্থীদের পরিবারেরা, যারা ইতোমধ্যে কার্ব-টু-স্কুল বাস পরিবহন সুবিধা পাচ্ছে তারা তাদের বাড়িতে নামার পরিবর্তে, তাদের বাড়ি বা স্কুল যেখানে অবস্থিত সেই একই বরোতে একটি ভিন্ন আফটার স্কুলে যাবার জন্য ওয়ান-ওয়ে ট্র্যান্সপোর্টেশন অনুরোধ জানাতে পারেন।

## IEP-তে বর্ণিত পরিবহন সংক্রান্ত বিশেষ সুবিধাসমূহ

- IEP-যুক্ত অধিকাংশ শিক্ষার্থী IEP নেই এমন শিক্ষার্থীদের মতো একইভাবে স্কুলে যাতায়াত করে। একটি IEP টিম সেসব শিক্ষার্থীর জন্য বাস পরিষেবা সুপারিশ করতে পারে যাদের প্রমাণিত চাহিদা তাদের স্কুলে যেতে আসতে প্রতিবন্ধিতা সৃষ্টি করে। এই চাহিদাগুলো আবেগজনিত, আচরণগত, বৌদ্ধিক অথবা যোগাযোগে, এবং শারীরিক কিংবা স্বাস্থ্যগত হতে পারে।
- কিছু শিক্ষার্থীর নিরাপদভাবে স্কুলে যাওয়া আসার জন্য বাড়তি বিশেষ পরিবহন সুবিধারও প্রয়োজন হতে পারে। এতে অন্তর্ভুক্ত হতে পারে: 1:1 পরিবহন বিষয়ক প্যারাপ্রোফেশনাল, স্বাস্থ্যগত/নার্সিং পরিষেবা, ভ্রমণ সময়ের সীমাবদ্ধতা, অভ্যন্তরীণ আবহাওয়া নিয়ন্ত্রণ, সুরক্ষামূলক ভেস্ট, এবং কার-সিট।
- যেসব পরিবার মনে করেন যে, তাদের সন্তানের প্রতিবন্ধিতার কারণে স্কুলে যাবার জন্য কার্ব-টু-স্কুল পরিবহন এবং/অথবা যাতায়াতে বিশেষ সুবিধা প্রয়োজন, তাদের উচিত স্কুলের সাথে অথবা CSE-ভিত্তিক IEP টিমের সাথে যোগাযোগ করা।

## অস্থায়ী আবাসন (টেম্পোরারি হাউজিং) এবং ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীবৃন্দ

- স্কুল থেকে 0.5 মাইল অথবা এরচেয়ে দূরে বসবাসকারী সাময়িক আবাসন (টেম্পোরারি হাউজিংয়) ও ফস্টার কেয়ার-এর শিক্ষার্থীবৃন্দ, যারা K-6 গ্রেডে পড়ছে এবং IEP-যুক্ত 7 বা 8 গ্রেডে পড়ছে, তারা বাসে করে তাদের স্কুলে যাবার যোগ্য। বাসের জন্য অনুরোধ জানাতে অবশ্যই নিচে উল্লেখিত শিক্ষার্থীদের জন্য একটি এক্সেপশনস্ ফর্ম পূরণ করতে হবে:
  - ফস্টার কেয়ার
  - প্রিস্কুল (অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিং এবং ফস্টার কেয়ার)

- HRA-DV-এর শেল্টারসমূহ
- HERRC-এর শেল্টারসমূহ
  - হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলাপমেন্ট-এর (HPD) শেল্টারসমূহ
  - সাময়িক ডাবলড্-আপ (দুইটি পরিবার একসাথে বসবাস) পরিস্থিতি
  - অন্য অস্থায়ী আবাসন যেমন গাড়ি, পার্ক, যেসব শিক্ষার্থী অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিং থেকে স্থায়ী আবাসনে যাবার প্রক্রিয়া আছে
- ডিপার্টমেন্ট অভ হোমলেস সার্ভিসেস (DHS)-এর পরিবারবর্গ/শিক্ষার্থীদেরকে স্কুল থেকে 0.5 মাইল বা অধিক দূরে বাসবাসকারী K-6 গ্রেডের শিক্ষার্থী বা IEP-যুক্ত 7 বা 8 গ্রেডের শিক্ষার্থীদের জন্য কোনো এক্সেপশনস্ (ব্যতিক্রম) ফর্ম পূরণ করতে হবে না।
- যেসব শিক্ষার্থীর IEP-তে বাস পরিষেবা সুপারিশকৃত, তাদের যাতায়াত পরিষেবা চালুর জন্য আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন। (একটি এক্সেপশনস্ ফর্ম পূরণ করবেন না)।
- সাময়িক আবাসনে (টেম্পোরারি হাউজিংয়ে) বা ফস্টার কেয়ারে থাকা 3K থেকে 12 গ্রেডের শিক্ষার্থীরা যারা বাস সুবিধা পায় না অথবা বাসের যাত্রাপথ নির্ধারণের প্রক্রিয়াকরণ করা হচ্ছে, তাদের পিতামাতা/অভিভাবকগণ সন্তানের সাথে যাতায়াতের জন্য অনুরোধ সাপেক্ষে মেট্রোকার্ড লভ্য আছে।
- মেট্রোকার্ডের জন্য অনুরোধ জানাতে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন।
- ঠিকানা হালনাগাদকরণ:
- অবিলম্বে বাড়ির ঠিকানা সংক্রান্ত যেকোনো পরিবর্তন অথবা বসবাস ব্যবস্থার পরিবর্তন স্কুলে জানিয়ে দিন।
- সাময়িক আবাসনের (টেম্পোরারি হাউজিংয়) শিক্ষার্থীরা তাদের শেল্টারের স্টাফ বা DOE-এর রিজিওন্যাল ম্যানেজোরের সাথে কথা বলতে পারেন, যিনি আপনাকে আপনার সন্তানের স্কুলের সাথে সংযুক্ত করতে ও আপনার যাতায়াতের বিকল্পগুলো বুঝতে সহায়তা করতে পারেন। প্রক্রিয়াটি সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে 'students in temporary housing' (অস্থায়ী আবাসনের শিক্ষার্থীবৃন্দ) পেজটি দেখুন।
- ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীদের পরিবারেরা তাদের সন্তানের স্কুল অথবা ফস্টার কেয়ার কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে পারেন। আরও তথ্য ও যোগাযোগের তথ্যের জন্য, অনুগ্রহ করে 'students in foster care' (ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীবৃন্দ) পেজটি দেখুন।

### প্রস্তুতি

- আপনার স্কুলের কাছে জরুরী পরিস্থিতিতে যোগাযোগের সকল তথ্য হালনাগাদ আছে তা নিশ্চিত করুন।
- অবিলম্বে বাড়ির ঠিকানা সংক্রান্ত যেকোনো পরিবর্তন অথবা বসবাস ব্যবস্থার পরিবর্তন স্কুলে জানিয়ে দিন।
- আপনার বাস স্টপ কোথায় জানুন, এবং পিক আপের নির্ধারিত সময়ের কয়েক মিনিট আগে উপস্থিত হোন। লক্ষ্য করবেন যে, বাস কয়েক মিনিটের বেশি সময় অপেক্ষা করবে না এবং সেটি অবশ্যই তার রুটে যাত্রা অব্যাহত রাখবে।

## সহায়তা

- আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন *(আপনার স্কুলের তথ্য schools.nyc.gov/find-a-school -এ খুঁজুন)*
- সাপোর্টহাব দেখুন: https://supporthub.schools.nyc/family-topics
- নোটিফাই এনওয়াইসি (Notify NYC) মোবাই অ্যাপ-এর মাধ্যমে জরুরী বার্তা পেতে গ্রাহক হোন
- schools.nyc.gov/transportation দেখুন।
- অস্থায়ী আবাসনের (টেম্পোরারি হাউজিংয়) শিক্ষার্থীদের জন্য, schools.nyc.gov/school-life/special-situations/students-in-temporary-housing -এ একজন রিজিওনাল ম্যানেজারের সাথে সংযুক্ত হোন।
- ফস্টার কেয়ারের শিক্ষার্থীদের জন্য - একজন ফস্টার কেয়ার কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন schools.nyc.gov/school-life/special-situations/students-in-foster-care

## সমস্যা সমাধান

সাপোর্টহাব দেখুন - https://supporthub.schools.nyc/ এবং “Transportation"-এ (ট্রান্সপোর্টেশন) ক্লিক করুন।

## আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন যখন

- তার স্কুল বাস প্রতিনিয়ত দেরিতে আসে অথবা প্রতিনিয়ত আসেই না।

- আপনার সন্তানের বর্তমান স্কুল বাস নিয়ে আপনার কোনও সমস্যা হচ্ছে।
- আপনি কোনও স্কুল কর্মী সদস্যের বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে চান।
- আপনি আপনার সন্তানের বাস রুটের তথ্য জানতে চান; এই তথ্য নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টেও (NYCSA) পাওয়া যাবেhttps://www.schools.nyc.gov/learning/student-journey/nyc-schools-account.
- আপনার সন্তানের জন্য বাস পরিবহনের অনুরোধ জানানো প্রয়োজন, অথবা আপনার সন্তানের বর্তমান বাস ব্যবস্থার পরিবর্তন চান।
- শিক্ষার্থীর OMNY কার্ড সম্পর্কে আপনার কোনো প্রশ্ন আছে।
- বিশেষ সুবিধা সম্পর্কে আপনার সহায়তা প্রয়োজন।
- আপনার সন্তানের প্রতিবন্ধিতা আছে এবং আপনার তার IEP-তে অথবা 504 প্ল্যানে বাস পরিবহন ব্যবস্থা করা প্রয়োজন।

## বাস কোম্পানির সাথে যোগাযোগ করুন যখন

- আপনার সন্তানের স্কুল বাস দেরিতে আসে।
- আপনার সন্তানের স্কুল বাস আজ আসেনি।
- আপনি আপনার সন্তানের পিক-আপ এবং ড্রপ-অফ-এর সময় সম্পর্কে অনিশ্চিত।

## OPT-এর সাথে যোগাযোগ করুন যখন

- আপনি কোনো বাস কোম্পানির বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে চান।
- আপনি কোনো স্কুল বাসের সুরক্ষা সম্পর্কে উদ্বেগ রিপোর্ট করতে চান।
- কোনো স্কুল বাস সংশ্লিষ্ট জরুরি পরিস্থিতিতে আপনার সহায়তার প্রয়োজন হয়।
- আপনি কোনো স্কুল বাসের দুর্ঘটনা সম্পর্কিত বিষয়ে রিপোর্ট করতে চান।

## অধিকারসমূহ

- শিক্ষার্থী এবং তাদের পিতামাতার পরিবহন সংক্রান্ত অধিকারের তথ্য schools.nyc.gov/transportation-rights পাওয়া যাবে।

## সামার স্কুল

- শিক্ষার্থীরা সামার স্কুল বাস পরিষেবার যোগ্য হতে পারে; https://www.schools.nyc.gov/enrollment/summer -এ সামার স্কুল পেজটি দেখুন।

## দুর্যোগপূর্ণ আবহাওয়া

- NYPD, ফায়ার ডিপার্টমেন্ট, এবং NYC ইমারজেন্সি ম্যানেজমেন্টের সাথে তৈরি আমাদের আবহাওয়াজনিত জরুরি প্রক্রিয়া schools.nyc.gov/transportation সাইটে পাওয়া যাবে।

## পরিবহন সংক্রান্ত অনুস্মারকসমূহ

- **রেজিস্টার করুন:** তাৎক্ষণিকভাবে বাস সংক্রান্ত তথ্য এবং সার্ভিস পরিবর্তন দেখতে আপনার বিনা মূল্যের NYC স্কুলস্ অ্যাকাউন্ট -এর জন্য schools.nyc.gov/learning/in-our-classrooms/nyc-schools-account -এ সাইন আপ করুন।
- **আমাদেরকে হালনাগাদ রাখুন:** আপনার ঠিকানা অথবা যোগাযোগের তথ্যে কোনও পরিবর্তন হলে অতিসত্বর আপনার স্কুল এবং বাস ড্রাইভারকে অবহিত করুন
- **আপনার বাস টিমের সাথে পরিচিত হোন:** আপনার বাস ড্রাইভার এবং অ্যাটেন্ডেন্টকে চিনে নিন, এবং আপনার কাছে বাস কম্পানির নাম্বার আছে কিনা তা নিশ্চিত হোন।
    - **স্কুল-বয়সী ছেলেমেয়ের জন্য বাস কম্পানিসমূহ:** schools.nyc.gov/school-life/transportation/bus-companies-for-school-age-children

- **প্রি-K এবং আর্লি ইন্টারভেনশন বাস কম্পানিসমূহ**: schools.nyc.gov/school-life/transportation/pre-k-and-early-intervention-bus-companies

- **নিরাপত্তা চর্চা করুন**: আপনার সন্তানের সাথে 'নিরাপদে যাতায়াত সংক্রান্ত পরামর্শসমূহ' (Safe Travel Tips) পর্যালোচনা করুন, যা schools.nyc.gov/safe-travel-tips ওয়েবসাইটে পাওয়া যাবে

## কোনো প্রশ্ন আছে বা সহায়তা প্রয়োজন?

আপনার যদি এমন প্রশ্নাবলী থাকে যা আপনার স্কুলের অথবা আপনার বাস কোম্পানির ট্রান্সপোর্টেশন কোঅর্ডিনেটর (যাতায়াত সংক্রান্ত সমন্বয়কারী) উত্তর দিতে অক্ষম, সেক্ষেত্রে schools.nyc.gov/transportation দেখুন অথবা OPT-এর কাস্টমার সার্ভিসের সাথে 718-392-8855 নম্বরে যোগাযোগ করুন।

জরুরি অবস্থায় যেমন কোনও অনুপস্থিত বাস অথবা দুর্ঘটনার ক্ষেত্রে OPT-এর কাস্টমার সার্ভিস লাইনে, 718-392-8855 নম্বরে যোগাযোগ করুন।